



■ ইত্তেফাক ডেস্ক

নর্থ আটলান্টিক সাইটের প্রকাশিত একটি নতুন আলোকচিত্রে ডুবে যাওয়া জাহাজ টাইটানিকে মানুষের দেহাবশেষ থাকার প্রমাণ পাওয়া গেছে। কর্মকর্তারা জানিয়েছেন, ২০০৪ সালে তোলা একটি ছবিতে দেখা গেছে, সাগরের প্রায় আড়াই মাইল গভীরে ডুবে থাকা টাইটানিকে একটি কোট এবং বুট জুতা পড়ে আছে। মেরিটাইম হেরিটেজ মিউজিয়ামের পরিচালক ড. জেমস পি. ডেলগ্যাডো ইয়াহু নিউজকে জানান, ছবিটি দেখে মনে হচ্ছে কেউ একজন বুট জুতাটি পরে আছেন। ডেলগ্যাডো জাহাজটিকে আরো ভাল মতো সুরক্ষিত করারও দাবি জানিয়েছেন।

আলোচিত এই ছবিটি নিউইয়র্ক টাইমস সর্বপ্রথম প্রকাশ করে। পত্রিকাটি জানিয়েছে, টাইটানিক বিশেষজ্ঞরা সবাই একমত হয়েছেন যে, কোট ও বুট জুতা পড়ে থাকার এই দৃশ্যটি ১৯৮৫তে সর্বপ্রথম আবিষ্কার হয়। এদিকে 'টাইটানিক' সিনেমার পরিচালক জেমস ক্যামেরন জানিয়েছেন, তিনি একাধিকবার এই দৃশ্যটি দেখলেও সেখানে কোনো দেহাবশেষ খুঁজে পাননি। তিনি বলেন, 'আমরা জুতা দেখছি, কয়েক জোড়া জুতা দেখছি। কিন্তু আমরা কোনো মানুষের শরীর দেখিনি।' তবে ডেলগ্যাডো দাবি করেছেন, একজন পুরাতাত্ত্বিক হিসেবে তিনি যেভাবে অনুসন্ধান করে থাকেন, ক্যামেরন সেভাবে খোঁজ নাও করতে পারেন।

টাইটানিকে

মানুষের

দেহাবশেষ!